যুগান্তর

তারিখ 13 DEC 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৪

# গোয়ালন্দে আ'লীগের মেয়র প্রার্থীর প্রচারে কলেজ শিক্ষকরা

গোয়ালন্দ (রাজবাড়ী) প্রতিনিধি

রাজবাড়ীর গোয়ালন্দ পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী নজরুল ইসলাম মণ্ডলের পক্ষে শনিবার গণসংযোগে নেমেছেন গোয়ালন্দ কামরুল ইসলাম ডিগ্রি কলেজের শিক্ষকরা। আসন্ন নির্বাচনে এ কলেজ থেকে প্রিসাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য উপজেলা নির্বাচন অফিস থেকে তালিকা জমা নেয়া হয়েছে। দায়িত্ব পালনে এসব শিক্ষকরা কতটুকু নিরপেক্ষ থাকতে পারবেন এ নিয়ে ভোটারদের মধ্যে সংশয়ের সৃষ্টি হয়েছে।

সরেজমিন ও স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, শনিবার দুপুরে কলেজ চলাকালে অধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন ও উপাধ্যক্ষ আবদুল হালিম তালুকদারের নেতৃত্বে কলেজের শিক্ষকরা কলেজ প্রাঙ্গণ থেকে মেয়র প্রার্থী নজরুল ইসলামকে নিয়ে গণসংযোগ শুরু করেন। এ সময় তারা শহরের প্রধান প্রধান সড়ক, বিভিন্ন অলিগলি ও বাজার ঘুরে হ্যান্ড মাইক দিয়ে নৌকা প্রতীকে ভোট প্রার্থনা করেন। এ নিয়ে পৌরবাসীর মধ্যে তাৎক্ষণিক নানা গুঞ্জন শুরু হয়ে যায়। বিগত সব নির্বাচনে এ কলেজের অধ্যক্ষ-উপাধ্যক্ষসহ অধিকাংশ শিক্ষক নির্বাচন কেন্দ্রে প্রিসাইডিং অফিসারের দায়িত্ব পালন করে থাকেন। এ নির্বাচনেও দায়িত্ব পালনের জন্য কলেজের পক্ষ থেকে শিক্ষক-কর্মচারীদের অন্তত ৬০ জনের একটি তালিকা নির্বাচন অফিসে জমা দেয়া হয়েছে।

এ প্রসঙ্গে বিএনপি মনোনীত প্রার্থী আবুল কাশেম মণ্ডল বলেন, কলেজের সভাপতি স্থানীয় সংসদ সদস্য ও রাজবাড়ী জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কাজী কেরামত আলী। কলেজের অধ্যক্ষ-উপাধ্যক্ষও আওয়ামী লীগের লোক। এ নির্বাচনটা তো তাদেরই। তাদের দ্বারা নির্বাচনে নিরপেক্ষ দায়িত্ব পালন কোনোভাবেই সম্ভব নয়।

এ প্রসঙ্গে গোয়ালন্দ কামরুল ইসলাম ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোয়াজ্জেম হোসেন বলেন, নির্বাচনী প্রচারণায় অংশ নেয়ায় আচরণবিধি লংঘন হয়নি। তবে এ কারণে যদি আমাদের নির্বাচনী দায়িত্ব পালন থেকে বিরত রাখা হয় সে ক্ষেত্রে আমাদের কিছু বলার নেই।

গোয়ালন্দ উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার পঙ্কজ ঘোষ বলেন, বেসরকারি কলেজ শিক্ষক হিসেবে কোনো প্রার্থীর পক্ষে প্রচারণা চালাতে আমার জানা মতে আইনগত কোনো সমস্যা নেই। তবে যেহেতু তারা নির্বাচনে দায়িত্ব পালন করেন সেজন্য প্রচারণায় অংশ নেয়া শিক্ষকদের নির্বাচনী কোনো দায়িত্ব দেয়া হবে না।